



তথ্যবিবরণী

নম্বর-২০৩

বিভাগীয় পর্যায়ে প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট শুরু

রাজশাহী; ০৪ ফাল্গুন (১৭ ফেব্রুয়ারি):

আজ (১৭ ফেব্রুয়ারি) সোমবার সকালে রাজশাহী বিভাগীয় মহিলা ক্রীড়া কমপ্লেক্স মাঠে তিন দিনব্যাপী বিভাগীয় পর্যায়ে প্রাথমিক বিদ্যালয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট শুরু হয়েছে। প্রধান অতিথি হিসেবে বেলুন ফেস্টুন উড়িয়ে এ টুর্নামেন্ট উদ্বোধন করেন অতিরিক্ত বিভাগীয় কমিশনার তরফদার মো. আজহার জামীল।

নতুন বাংলাদেশ গড়ার লক্ষ্যে 'এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই' প্রতিপাদ্যে তারুণ্যের উৎসব উদ্‌যাপন উপলক্ষে রাজশাহী বিভাগীয় প্রাথমিক শিক্ষা দপ্তর এ টুর্নামেন্ট আয়োজন করে।

প্রধান অতিথির বক্তৃতায় অতিরিক্ত বিভাগীয় কমিশনার বলেন, ইন্টারনেটের যুগে মোবাইল গেমসে আসক্ত না হয়ে ছেলে-মেয়েরা মাঠে এসেছে এটাই বড় প্রাপ্তি। তারা আমাদের আলোকবর্তিকা, তাদের দেখে অন্যরাও উদ্বুদ্ধ হবে।

তিনি বলেন, শিশুদের শারীরিক ও মানসিক বিকাশে খেলাধুলা অপরিহার্য। এই টুর্নামেন্টের মাধ্যমে সত্যিকারের খেলোয়াড়রা উঠে আসুক। ক্রীড়াঙ্গনে এখন যেসব মেয়েদের দেখছি সকলেই প্রাথমিক বিদ্যালয় থেকে উঠে এসেছে। এই ছোট ছোট ফুলের মতো খেলোয়াড়রা আগামী দিনের ভবিষ্যৎ।

ভালো খেলোয়াড় তৈরিতে উন্নত মানের প্রশিক্ষণ ব্যবস্থার আশ্বাস দেন তিনি।

রাজশাহী প্রাথমিক শিক্ষার বিভাগীয় উপপরিচালক মো. সানাউল্লাহ এর সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন যুব উন্নয়ন অধিদপ্তরের উপপরিচালক এ.টি.এম গোলাম মাহবুব ও জেলা ক্রীড়া অফিসার গৌতম কুমার সরকারসহ শিক্ষক-শিক্ষার্থী।

উল্লেখ্য, এই ফুটবল টুর্নামেন্টে রাজশাহী বিভাগের ৮ জেলার বালক-বালিকা ক্যাটাগরিতে জেলা পর্যায়ের মোট ১৬টি চ্যাম্পিয়ন দল অংশগ্রহণ করছে।

.....
তৌহিদ/আতিক/স্মিতা/আলীম/রুহুল/হালিম/২০২৫/১১:৪০ঘ.